দৈনিক ইনকিলাব

134

তারিখ ··· ··· ··· NOV. 1 6 1999
পৃঃ ... কলাম ৪

## শিক্ষা মন্ত্রণালয় ও মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সমীপে

শিক্ষা মন্ত্রণালয়েরই নির্দেশে মাদ্রাসা বোর্ড 'মাদ্রাসা খোলার অনুমতি বা মঞ্জুরির জন্য অপেক্ষমাণ মাদ্রাসা' নামে ছাত্র-ছাত্রীদেরকে পরীক্ষা দেয়ার সুযোগ দিয়ে আসছিল। হঠাৎ করে এ নিয়মটি বন্ধ করায় নতুন মাদ্রাসাসমূহের শত শত শিক্ষার্থীর শিক্ষা জীবন নষ্ট হচ্ছে। নতুন মাদ্রাসাসমূহ বোর্ড থেকে অনুমতি এনে পরীক্ষা দেয়াবেন বলে আমরা নিয়মিত শিক্ষার্থী হয়ে ও অন্য কোথাও রেজিস্ট্রেশন করিনি।

কিন্তু বর্তমানে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এ অনুমতি না দেয়ায় নিয়মিত শিক্ষার্থী হয়েও নিজ মাদ্রাসা থেকে পরীক্ষা দিতে পারছি না এবং অন্য মাদ্রাসা থেকেও পরীক্ষা দেয়ার সুযোগ থাকছে না। তাই শিক্ষা মন্ত্রণালয় ও মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সমীপে আমাদের আবেদন, আমাদের ছাত্রী জীবনে ২/১ বছরের শিক্ষার ঘাটতি শিক্ষা জীবন ধ্বংসেরই নামান্তর। আমাদের শিক্ষা জীবনের এ অপূরণীয় ঘাটতির দিকে চেয়ে অনুগ্রহপূর্বক 'নতুন মাদ্রাসা খোলা বা মঞ্জুর স্থগিত' প্রত্যাহার করে ২০০০ সালের পরীক্ষার্থীদের পরীক্ষা দেয়ার জন্য নতুন কিংবা পুরাতন মাদ্রাসার মাধ্যমে বিলম্বে রেজিঃ ও ফরম ফিলাপের সুযোগ দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলের নিকট সবিনয় অনুরোধ করছি।

—মোছাঃ রাহেলা বেগম,
দশম শ্রেণী,
গাছবাড়ী মহিলা মাদ্রাসা,
কানাইঘাট, সিলেট